অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটজুড়ে 28টি প্রতিষ্ঠানে এনভায়রনমেন্টাল জাস্টিস তহবিলের (ENVIRONMENTAL JUSTICE FUNDING) জন্য 2.6 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

দূষণ এবং বিষাক্ত পদার্থ দ্বারা যেইসব ক্ষেত্র সামঞ্জস্যহীনভাবে প্রভাবিত হচ্ছে তার সমর্থনে কমিউনিটি ইমপ্যাক্ট গ্র্যান্ট (Community Impact Grants)

প্রকল্পগুলি পরিবেশ-সংক্রান্ত এবং জনস্বাস্থ্য সমস্যার সমাধান করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসার্ভেশন (Department of Environmental Conservation, DEC) 28টি প্রতিষ্ঠানকে কমিউনিটি ইমপ্যাক্ট গ্র্যান্ট হিসেবে 2.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। স্টেটজুড়ে নিম্ন-আয় ও সংখ্যালঘু সম্প্রদায় যারা ঐতিহাসিকভাবে পরিবেশ-সংক্রান্ত সমস্যার ভার বহন করছে তাদের পরিবেশ-সংক্রান্ত ও জনস্বাস্থ্য বিষয়ক সমস্যার সমাধানে এই তহবিল সহায়তা করবে।

"সকল নিউ ইয়র্কবাসী একটি নিরাপদ, স্বাস্থ্যকর পরিবেশে বাঁচার অধিকার রাখে, এবং এই কমিউনিটি ইমপ্যাক্ট গ্র্যান্টগুলি নিশ্চিত করবে যে আর্থসামাজিক অবস্থা নির্বিশেষে স্টেটের পরিবার ও কমিউনিটিগুলি সবুজ প্রকল্প বাস্তবায়ন করতে প্রয়োজনীয় সমর্থন পাবে", **গভর্নর কুওমো বলেছেন।** "আমাদের বাসিন্দাদের সুরক্ষা প্রদান করে এবং আমাদের কমিউনিটিকে মজবুত করে এমন পরিবেশ-সংক্রান্ত উদ্যোগ গ্রহণে নিউ ইয়র্ক দেশকে নেতৃত্ব দিতে থাকবে।"

"স্টেটজুড়ে বিভিন্ন কমিউনিটিতে জনস্বাস্থ্য সংক্রান্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে কাজ করার জন্য আমরা প্রতিষ্ঠানগুলিকে তহবিল দান করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "এই গ্র্যান্ট প্রোগ্রামটি পরিচ্ছন্ন শক্তির প্রকল্প সমর্থন করবে এবং নিশ্চিত করবে যাতে সকল নিউ ইয়র্কবাসী একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশে বাস করতে পারে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি পরিচ্ছন্নতর ও সবুজতর গ্রহ তৈরির জন্য আমাদের যে আগ্রাসী শক্তি-লক্ষ্য তা অগ্রসর করতে নেওয়া উদ্যোগগুলিতে বিনিয়োগ করার জন্য নিউ ইয়র্ক অঙ্গীকারবদ্ধ।"

DEC এর এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটি ইম্প্যাক্ট গ্র্যান্ট কমিউনিটিতে পরিবেশ-সংক্রান্ত এবং জনস্বাস্থ্য ঝুঁকি নিয়ে কাজ করছে এমন কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানকে সমর্থন করে। 2006 সালে প্রোগ্রামটি শুরু হওয়ার পর থেকে, 145টি প্রতিষ্ঠান নিজেদের কমিউনিটিতে পরিবেশ সমস্যা থেকে উন্নয়নের প্রকল্প যেমন বাসিন্দাদের জ্ঞান ও সচেতনতা বৃদ্ধির জন্য গবেষণা এর জন্য এনভায়রনমেন্টাল সুরক্ষা তহবিল মার্কিন ডলারে প্রায় 5 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

সর্বশেষ রাউন্ডে যেই 28টি প্রতিষ্ঠান তহবিল পেল তারা খালি জায়গার উন্নয়ন ও পরিষ্কারকরণ, অরগ্যানিক আরবান ফার্ম তৈরি করা, স্থানীয় জলপথ উন্নয়ন করা, পরিবেশ সংক্রান্ত শিক্ষা সম্প্রসারিত করা ও তরুণদের সবুজ কাজে নিযুক্ত করা, মাটির স্বাস্থ্য করা এবং কমিউনিটির সৌর মালিকানার সমর্থনে সচেতনতা বৃদ্ধির কাজ করবে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসার্ভেশন কমিশনার বেসিল সেগোস বলেছেন, "গভর্নর কুওমোর নির্দেশনায়, নিউ ইয়র্কের স্বল্প সুবিধা প্রাপ্ত ও অর্থনৈতিকভাবে অসুবিধায় আছে এমন কমিউনিটিগুলি পরিবেশ-সংক্রান্ত যেসব সমস্যার মুখোমুখি হচ্ছে তা সনাক্ত করে তা নিয়ে কাজ করার জন্য DEC কমিউনিটির নেতাদের সাথে অংশীদারিত্ব করছে। বাসিন্দাদের পরিবেশ-সংক্রান্ত স্বাস্থ্য রক্ষা করতে সৃজনশীল ও টেকসই সমাধান তৈরি করার মাধ্যমে যেসব কমিউনিটি ঐতিহাসিকভাবে পরিবেশ-সংক্রান্ত ক্ষতির ভার বহন করছে DEC তাদের সমর্থন করে যাবে।"

সিনেটর টিম কেনেডি বলেন, "অন্যথায় স্বল্প সুবিধা প্রাপ্ত শহরের এমন এলাকার বাসিন্দাদের তাজা, কৃষিজ পণ্য প্রদান করার জন্য ফিলমোর ফরোয়ার্ড (Fillmore Forward) ও ম্যাসাচুসেটস অ্যাভিনিউ প্রজেক্ট (Massachusetts Avenue Project) মিশনের জন্য স্টেটের এই তহবিল একে অনেক দূর এগিয়ে নিয়ে যাবে। আমি গর্বিত যে নিউ ইয়র্ক এমন প্রতিষ্ঠানে বিনিয়োগ করছে যারা আমাদের অঞ্চলে জনস্বাস্থ্য উন্নয়ন এবং সবুজ সুযোগ বৃদ্ধি করার জন্য কাজ করছে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ ইংগলব্রাইট, এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের অ্যাসেম্বলি কমিটির (Assembly Committee on Environmental Conservation) প্রধান, বলেছেন, "এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিগুলি ঐতিহাসিকভাবে দূষণ এবং জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব সামঞ্জস্যহীনভাবে ভোগ করেছে। এই গ্র্যান্টগুলি স্বল্প সুবিধা প্রাপ্ত কমিউনিটিগুলিকে সমর্থ করার একটি উপায় এবং তাদের প্রয়োজন অনুযায়ী প্রকল্প গ্রহণের জন্য এটি সহায়তা করে। প্রকল্পগুলি হবে আরবান ফার্মিং এর জন্য শিক্ষা, পরিবেশগত অবনতির ক্ষতিকারক প্রভাবগুলিকে হ্রাস করার জন্য অর্থনীতির প্রশস্ত পদ্ধতির উপর আলোকপাত করা ইত্যাদি নিয়ে। নিজ নিজ কমিউনিটিতে পরিবেশ সংক্রান্ত স্বাস্থ্য সমস্যা সমাধানে তাদের অঙ্গীকারের জন্য আমি গভর্নর এবং অন্য আরও অনেক প্রতিষ্ঠানকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য শন রায়ান বলেন, "আজকে প্রদত্ত কমিউনিটি ইমপ্যাক্ট গ্র্যান্ট স্টেটজুড়ে দারুণ সব গ্রুপকে সমর্থন করবে যারা আমাদের কমিউনিটিসমূহকে আরো শক্তিশালী এবং আমাদের নাগরিকদের আরো স্বাস্থ্যবান করে তুলবে। পশ্চিম নিউ ইয়র্কের গ্রুপগুলিকে প্রদত্ত তহবিল তাদের সাহায্য করবে তারা ইতিমধ্যে যে দারুণ সেবাগুলি দিচ্ছে তা সম্প্রসারণ করতে, এর ফলে তারা আমাদের কমিউনিটিতে বৃহত্তর প্রভাব রাখার একটি সুযোগ পাচ্ছে। পশ্চিম নিউ ইয়র্কের দারুণ দুইটি গ্রুপকে সনাক্ত করার জন্য DEC এবং গভর্নর কুওমোকে ধন্যবাদ, এই গ্র্যান্টগুলির ফলে তারা তাদের বিকাশ অব্যাহত রাখতে পারবে।"

কমিউনিটি প্রভাব গ্র্যান্ট নিচের প্রতিষ্ঠানগুলিকে প্রদান করা হয়েছেঃ

রাজধানী জেলা

- কমিউনিটি পার্টিসিপেটরি ম্যাপিং এর মাধ্যমে কমিউনিটি এম্পাওয়ারমেন্ট (Community Empowerment through Community Participatory Mapping): 99,990 মার্কিন ডলার, আরবার হিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (Arbor Hill Development Corporation)

- শহুরে পরিবেশ-সংক্রান্ত রূপান্তরঃ কমিউনিটি পরিবর্তনের জন্য ইয়ুথ এম্পাওয়ারমেন্ট (Youth Empowerment for Community Change): 99,929 মার্কিন ডলার, ক্যাপিটাল রুটস ইনক (Capital Roots Inc.)
- জার্মিনেটিং দ্য নেচার ল্যাব এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার (Germinating The NATURE Lab Environmental Education Center): 100,000 মার্কিন ডলার, মিডিয়া অ্যালিয়েন্স, ইনক (Media Alliance, Inc.)
- অ্যালবেনি সাউথ এন্ড এনভায়রনমেন্টাল জাস্টিস প্রজেক্ট এক্সপ্যানশন (Albany South End Environmental Justice Project Expansion): 100,000 মার্কিন ডলার, RADIX ইকোলজিক্যাল সাস্টেইনিবিলিটি সেন্টার (RADIX Ecological Sustainability Center)

সাউদার্ন টিয়ার

- ইথাকা নিউ ইয়র্কে স্বল্প সুবিধা প্রাপ্ত জনসংখ্যার জন্য কমিউনিটি রিসোর্স হিসেবে কাঁচামাল পুনর্ব্যবহার (Material Reuse as Community Resource for Underserved Populations in Ithaca NY): 93,525 মার্কিন ডলার, ফিঙ্গার লেকস রিইউজ ইনক (Finger Lakes ReUse Inc.)

ফিঙ্গার লেকস

- আরবান কৃষি এনগেজমেন্ট ও খাদ্য বর্জ্য ডাইভারশন প্রোগ্রাম (Urban Agriculture Engagement and Food Waste Diversion Program): 100,000 মার্কিন ডলার, ব্লুপ্রিন্ট জেনেভা, ইনক(Blueprint Geneva, Inc.)
- গ্রিন ভিশনস ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম এবং কমিউনিটি গার্ডেনস (Green Visions Workforce Development Program and Community Gardens): 100,000 মার্কিন ডলার, ফ্রেন্ডস অব দ্য গার্ডেন এরিয়েল ইনক (Friends of the Garden Aerial Inc.)
- হেলদি হোম অ্যাডভোকেসিতে রোচেস্টারের সম্ভাব্য এনভায়রনমেন্টাল জাস্টিস এ ভাড়াটেদের জড়িত করা (Engaging Renters in Rochester's Potential Environmental Justice Areas in Healthy Homes Advocacy): 98,330 মার্কিন ডলার, রোচেস্টার পিপলস ক্লাইমেট কোয়ালিশন, ইনক (Rochester Peoples Climate Coalition, Inc), রোচেস্টার সিটি-ওয়াইড টেনেন্টস ইউনিয়ন (Rochester's City-Wide Tenants' Union, CWTU) এর ফিসকাল স্পনসর

মিড-হাডসন ভ্যালি

- স্বপ্ন থেকে বাস্তবঃ দ্য ইয়োঙ্কার্স গ্রিনওয়ে কমিউনিটি পার্ক (The Yonkers Greenway Community Park): 100,000 মার্কিন ডলার, গ্রাউন্ডওয়ার্ক হাডসন ভ্যালি (Groundwork Hudson Valley)
- পগকিপসি গার্ডেনস (Poughkeepsie Gardens): 100,000 মার্কিন ডলার, পগকিপসি ফার্ম প্রজেক্ট (Poughkeepsie Farm Project)
- দ্য ইয়োঙ্কার্স নীল দল (The Yonkers Blue Team): গবেষণা ও তরুণদের জড়িত করার মাধ্যমে স্থানীয় পানির মাণ সংক্রান্ত সমস্যা সমাধান (Tackling Local Water Quality Issues through Research and Youth Engagement): 100,000 মার্কিন ডলার, সারাহ লরেন্স কলেজ (Sarah Lawrence College), বেচ্যক এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার (Beczak Environmental Education Center) এর ফিসকাল স্পনসর

লং আইল্যান্ড

- রিভারসাইড ম্যারিটাইম ট্রেইল ফেজ II ডেভেলপমেন্ট এন্ড প্রোগ্রামিং(Riverside Maritime Trail Phase II Development & Programming): 50,000 মার্কিন ডলার, ফ্ল্যান্ডার্স, রিভারসাইড এন্ড নর্থহ্যাম্পটন কমিউনিটি অ্যাসোসিয়েশন ইনক (Flanders, Riverside and Northampton Community Association, Inc.)
- প্রজেক্ট বে এরিয়া (Project BAY AREA): 100,000 মার্কিন ডলার, লং বীচ ল্যাটিনো সিভিক অ্যাসোসিয়েশন (Long Beach Latino Civic Association)

নিউ ইয়র্ক শহর

- পলিনেটর রেইনগার্ডেন (Pollinator Raingarden): 72,953 মার্কিন ডলার, ব্রঙ্কস রিভার অ্যালায়েন্স (Bronx River Alliance, Inc.)
- নিম্ন আয় HDFC পরিবেশ সংক্রান্ত স্থিতিশীলতা প্রকল্প (Low Income HDFC Environmental Resiliency Project): 100,000 মার্কিন ডলার, কুপার স্কয়ার কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটি (Cooper Square Community Development Committee)
- টিবেটস রিস্টোরেশন, এক্সপ্লোরেশন ও ক্লিনআপ (Tibbetts Restoration, Exploration and Clean-Up, TREC): 99,995 মার্কিন ডলার, ফ্রেন্ডস অব ভ্যান কোর্টল্যান্ড পার্ক (Friends of Van Cortlandt Park)
- গোয়েনাস ক্যানাল কনজার্ভেটরি স্কুল ক্লিন এন্ড গ্রিন প্রোগ্রাম (Gowanus Canal Conservancy School Clean & Green Program): 99,702 মার্কিন ডলার, গোয়েনাস ক্যানাল কনজার্ভেটরি ইনক (Gowanus Canal Conservancy, Inc.)
- ম্যাপিং এনভায়রনমেন্টাল ইনজাস্টিস (Mapping Environmental (In)Justice): 89,664 মার্কিন ডলার, নেইবার্স অ্যালাইড ফর গুড গ্রোথ (Neighbors Allied for Good Growth)
- ওপেন স্পেস এয়ার মনিটরিং এর আরবান ল্যাব (Urban Lab for Open Spaces Air Monitoring Study): 99,003 মার্কিন ডলার, ওপেন স্পেস অ্যালায়েন্স ফর নর্থ ব্রুকলিন (Open Space Alliance for North Brooklyn)
- উপকূলবর্তী প্রতিষ্ঠানঃ গ্রিন স্টুয়ার্ডস ইয়ুথ ইন্টার্নশিপ এন্ড ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম (Shore Corps: Green Stewards Youth Internship & Workforce Development Program): 100,000 মার্কিন ডলার, রকওয়ে ওয়াটারফ্রন্ট অ্যালায়েন্স ইনক (Rockaway Waterfront Alliance, Inc.)
- ব্রঙ্কস রিভার পানির মাণ ও প্যাথোজেন মাত্রা পরিমাপ(Measuring Bronx River Water Quality and Pathogen Levels): 77,577 মার্কিন ডলার, রকিং দ্য বোট ইনক (Rocking the Boat, Inc.)
- কমিউনিটির পরিবেশ উন্নতকারী নেতাদের (Program for Leaders Advancing their Community's Environment, PLACE) জন্য দ্য ব্রঙ্কস ইজ ব্লুমিং প্রোগ্রাম (The Bronx is Blooming): 100,000 মার্কিন ডলার, দ্য ব্রঙ্কস ইজ ব্লুমিং
- পূর্ব নিউ ইয়র্ক স্বাস্থ্যকর মাটি উদ্যোগ (East New York Healthy Soil Initiative): 100,000 মার্কিন ডলার, ইউনাইটেড কমিউনিটি সেন্টার্স ইনক (United Community Centers, Inc.)
- সানসেট পার্ক (The Sunset Park) পুনরুৎপাদনশীল শক্তি শিক্ষা প্রকল্প (Regenerative Energy Education Project, REEP): 50,000 মার্কিন ডলার, UPROSE ইনক

- ইনউডে জলবায়ু পরিবর্তন সম্পর্কিত স্বাস্থ্য প্রভাবের ব্যাপারে একটি কমিউনিটি-ভিত্তিক শিক্ষা ও পরিকল্পনা প্রকল্প (A Community-Based Education and Planning Project about Climate Change-Related Health Impacts in Inwood): 100,000 মার্কিন ডলার, ওয়েস্ট হারলেম এনভায়রনমেন্টাল অ্যাকশন ইনক (West Harlem Environmental Action, Inc.)
- YMPJ বায়ু, পানি ও খাদ্য দুর্বলতা প্রকল্প (YMPJ Air, Water, & Food Vulnerability Project): 100,000 মার্কিন ডলার, ইয়ুথ মিনিস্ট্রিস ফলের পিস এন্ড জাস্টিস ইনক (Youth Ministries for Peace and Justice, Inc.)

পশ্চিম নিউ ইয়র্ক

- স্কয়ার কমিউনিটি গার্ডেন ও ফার্মার্স মার্কেট প্রকল্প (The Square Community Garden & Farmers Market Project): 93,830 মার্কিন ডলার, ব্রডওয়ে-ফিলমোর নেইবারহুড হাউজিং সার্ভিসেস ইনক (Broadway-Fillmore Neighborhood Housing Services, Inc.), ফিলমোর ফরোয়ার্ড ইনক (Fillmore Forward, Inc.) এর ফিসকাল স্পনসর
- গ্রোয়িং গ্রিন (Growing Green): 75,500 মার্কিন ডলার, ম্যাসাচুসেটস অ্যাভিনিউ প্রজেক্ট ইনক (Massachusetts Avenue Project Inc.)

DEC আরো একটি নতুন সুযোগ ঘোষণা করেছে যা এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিতে পরিবেশ-সংক্রান্ত ও জনস্বাস্থ্য সমস্যা নিয়ে গভর্নরের অঙ্গীকার আরো অগ্রসর করবে। কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানের কাজ সমর্থন করা চালিয়ে যাওয়ার জন্য, এবং কিছু কিছু প্রতিষ্ঠানের এই লক্ষ্যগুলি অর্জনের জন্য প্রয়োজনীয় ক্ষমতা, কর্মী ও সংস্থানের অভাব রয়েছে তা বুঝতে পেরে, DEC এনভায়রনমেন্টাল জাস্টিস নিয়ে কাজ করার ইতিহাস আছে এমন প্রতিষ্ঠানের কাছ থেকে প্রস্তাবনা পেশের অনুরোধ করছে যাতে তাদের যথাযোগ্য সক্ষমতা তৈরি করার জন্য অনুদান প্রদান সম্ভব হয়।

এই অনুদানগুলি নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল জাস্টিস নিয়ে কাজ করে এমন কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানগুলিকে তাদের প্রশাসনিক, কারিগরি, প্রোগ্রাম্যাটিক ক্ষমতা বিকাশে সহায়তা করবে এবং জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষায় তাদের সেবা সম্প্রসারণ করতে সাহায্য করবে। আগ্রহী অলাভজনক প্রতিষ্ঠান আবেদন করতে পারে এখানে গ্র্যান্টস গেটওয়ে 1 ফেব্রুয়ারি, 2019 এর মধ্যে। আরো তথ্য পাওয়া যাবে এনভায়রনমেন্টাল জাস্টিস অফিসের (Office of Environmental Justice) ওয়েবপেজে এবং গ্র্যান্টস গেটওয়েতে।

অনুদান প্রাপ্ত প্রোগ্রামের আরো বিবরণ দেখার জন্য ভিজিট করুন https://www.dec.ny.gov/public/31403.html।

DEC এর গ্র্যান্ট প্রোগ্রামের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন https://dec.ny.gov/public/31226.html।

###

আনসাবস্ক্রাইব করুন